

## স্বর

প্রাচীনকাল থেকেই আমাদের দেশের সঙ্গীত-শাস্ত্র-রচয়িতারা একটি সপ্তকে সঙ্গীতোপযোগী ২২টি মূখ্য নাদ থাকে বলে স্বীকার করে আসছেন, শাস্ত্রে যাকে শ্রুতি বলা হয়। ঐ ২২টি নাদ থেকেই গায়ন-উপযোগী সাতটি স্বর সৃষ্টি হয়েছে। এই নাদগুলি একের পর এক ক্রমশ উঁচু হয় বলে মনে করা হয়। এই ২২টি নাদের ভিত্তিতে, আধুনিক হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি অনুযায়ী যদি আমরা সাতটি স্বর স্থাপন করতে চাই তাহলে ১, ৫, ৮, ১০, ১৪, ১৮ এবং ২১—এই নাদগুলির উপরেই করব।

আগেই বলা হয়েছে গায়ন-উপযোগী মূখ্য স্বর সাতটি। এগুলির সর্বসম্মত নাম হল—ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত এবং নিষাদ। এগুলিকেই সা, রে, গ, ম, প, ধ, নি এই সংক্ষিপ্ত নামে চিহ্নিত করা হয়।